

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ৩১৪৬

२०/ कांत्रवानी (کتاب الأضاحي)

পরিচ্ছেদঃ ২০/৮. যে ধরনের পশু কোরবানী করা মাকরাহ

بَابِ مَا يُكْرَهُ أَنْ يُضَحَّى بِهِ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ يَحْيَى، وَمُحَمَّدُ بْنُ عَبْدِ الْمَلِكِ أَبُو بَكْرٍ، قَالاَ حَدَّثَنَا عَبْدُ الرَّزَّاقِ، عَنِ الْخُدْرِيِّ، التَّوْرِيِّ، عَنْ جَابِرِ بْنِ يَزِيدَ، عَنْ مُحَمَّدِ بْنِ قَرَظَةَ الأَنْصَارِيِّ، عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ، قَالَ الْتَعْنَا كَبْشًا نُضَحِّي بِهِ فَأَصَابَ الذِّنْبُ مِنْ أَلْيَتِهِ أَوْ أُذُنِهِ فَسَأَلْنَا النَّبِيَّ - صلى الله عليه وسلم - فَأَمَرَنَا أَنْ نُضَحِّي بِهِ .

বাংলা

১/৩১৪৬। আবূ সাঈদ আল-কুদরী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমরা কোরবানীর উদ্দেশে একটি মেষ খরিদ করলাম। অতঃপর নেকড়ে বাঘ তার নিতম্ব অথবা কান কেটে নিয়ে গেলো। আমরা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর নিকট এ সম্পর্কে জিজ্ঞেস করলে তিনি আমাদেরকে তা কোরবানী করার অনুমতি দেন।

English

It was narrated that Abu Sa'eed Al-Khudri said:

"We bought a ram for sacrifice, then a wolf tore some flesh from its rump and ears. We asked the Prophet (ﷺ) and he told us to offer it as a sacrifice."

ফুটনোট

আহমাদ ১০৮৮১, ১১৪১১।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী জাবির (বিন ইয়াযীদ) সম্পর্কে শুবাহ ইবনুল হাজ্জাজ বলেন, তিনি হাদিস বর্ণনায় সত্যবাদী। আহমাদ বিন হাম্বল বলেন, তিনি মিথ্যা কথা বলেন। ইয়াহইয়া বিন মাঈন ও আল-জাওযুজানী তাকে মিথ্যুক বলেছেন। আবু দাউদ আস-সাজিসতানী বলেন, তিনি হাদিস বর্ণনায় নির্ভরযোগ্য নয়।



(তাহযীবুল কামালঃ রাবী নং ৮৭৯, ৪/৪৬৫ নং পৃষ্ঠা) ২. মুহাম্মাদ বিন কারাযাহ আল-আনসারী সম্পর্কে আবুল হাসান ইবনুল কান্তান বলেন, তার পরিচয় সম্পর্কে কিছু জানা যায়না। আবু হাতিম বিন হিব্বান তার সিকাহ গ্রন্থে তার নাম উল্লেখ করেছেন। তিনি আবু সাঈদ থেকে ও তার থেকে জাবির আল-জুফী হাদিস বর্ণনা করেছেন। ইবনু হাজার আল-আসকালানী বলেন, তিনি মাজহুল বা অপরিচিত। ইমাম যাহাবী বলেন, তার থেকে জা'ফার আল-জুফী ব্যাতিত কেউ হাদিস বর্ণনা করেনি। (তাহযীবুল কামালঃ রাবী নং ৫৫৬২, ২৬/৩১৫ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবু সা'ঈদ খুদরী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন